Date: September 25, 2021

To

The Manager
Listing Department
BSE Limited
Phiroze Jeejeebhoy Towers
Dalal Street, Fort
Mumbai 400001
Scrip Code- 532163

The Manager
Listing Department
National Stock Exchange of India Ltd.
Exchange Plaza, 3rd Floor
Plot No.3-1"G" Block, I.F.B. Centre,
Bandra-Kurla-Complex, Bandra (East)
Mumbai – 400 051
NSE Symbol- SAREGAMA EQ

**Sub: Newspaper Advertisement - Disclosure under Regulation 30 and Regulation 47 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 ("SEBI Listing Regulations")**

Pursuant to Regulation 30 read with Schedule III Part A Para A and Regulation 47 of the SEBI Listing Regulations, we enclose herewith the copies of the newspaper advertisement published today, i.e. Saturday, 25th September, 2021, in English in Financial Express (all editions) and in Bengali in Aajkaal (Kolkata) edition, both having electronic editions, regarding completion of dispatch of the Notice and e-Voting information with regard to the Extraordinary General Meeting (EGM) of the Members of the Company, scheduled to be held on Tuesday, the 19th day of October, 2021 in terms of Section 108 of the Companies Act, 2013 read with Rule 20 of the Companies (Management and Administration) Rules, 2014 as amended, Regulation 44 of the SEBI LODR Regulations and the Secretarial Standards of General Meetings issued by the Institute of Company Secretaries of India.

The above information is also available on the website of the Company www.saregama.com.

We hereby request you to take the above information on your record.

Thanking you,

Yours faithfully,
For **SAREGAMA INDIA LIMITED**

VIKRAM MEHRA
Digitally signed by VIKRAM MEHRA
Date: 2021.09.25 13:20:40 +05'30'

**Vikram Mehra**
**Managing Director**
**DIN: 03556680**

**Enclo:** As above

SAREGAMA India Limited, 33, Jessore Road, Dum Dum, Kolkata - 700 028, India.
Tel: +91-33-2551 2984, Fax: +91-33-2550 0817, Web: www.saregama.com,
**CIN:** L22213WB1946PLC014346, **Email ID**: Saregama@rpsg.in

# বিশ্ববিদ্যালয় ও বণিকসভা কর্মশালা করুক: শিক্ষামন্ত্রী

# কেরিয়ার পোর্টাল চালু হচ্ছে ৫ অক্টোবর

আজকালের প্রতিবেদন

উচ্চশিক্ষায় কর্মসংস্থানমুখী পাঠ্যক্রম তৈরি করতে রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলি বণিকসভার সঙ্গে যৌথ উদ্যোগে কর্মশালা করুক এমনটাই চান শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। একই সঙ্গে তিনি জানান, পড়ুয়াদের কেরিয়ার সংক্রান্ত একটি পোর্টাল চালু করতে চলেছে শিক্ষা দপ্তর। ৫ অক্টোবর এই পোর্টালের আনুষ্ঠানিক উদ্বোধন করা হবে। দপ্তর সূত্রে খবর, কেরিয়ার গাইডেন্স নামক এই পোর্টালে বিশ্ব, দেশ এবং রাজ্যের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কী পড়ানো হচ্ছে সে সম্পর্কে যাবতীয় তথ্য থাকবে।

শিক্ষার সঙ্গে শিল্পের মেলবন্ধন গড়ে তুলতে উচ্চশিক্ষা দপ্তরের অধীনস্থ উচ্চশিক্ষা সংসদ ও বণিকসভা সিআইআই–এর উদ্যোগে দু'দিনের একটি ওয়েবিনারের আয়োজন করা হয়েছে। শুক্রবার যার উদ্বোধন করেন শিক্ষামন্ত্রী। তিনি বলেন, 'প্রত্যেক বিশ্ববিদ্যালয় বণিকসভাগুলির সঙ্গে যৌথ উদ্যোগে কর্মশালা করুক। সেখান থেকে যে গুরুত্বপূর্ণ মতামত উঠে আসবে তা দপ্তরে পাঠাক। আমরা মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির সঙ্গে আলোচনা করে এ ব্যাপারে পরবর্তী পদক্ষেপ নেব।'



শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু

এই ওয়েবিনারে দুর্গাপুর এনআইটি–র অধিকর্তা অনুপম বসু কেরিয়ার সংক্রান্ত পোর্টাল তৈরির কথা বলেন। যার উত্তরে শিক্ষামন্ত্রী জানান, 'এই সংক্রান্ত একটি পোর্টাল তৈরি করা হচ্ছে। ৫ অক্টোবর যা উদ্বোধন করা হবে।' দপ্তর সূত্রে জানা গেছে, 'কেরিয়ার গাইডেন্স' নামক এই পোর্টালটিতে রাজ্য ছাড়াও দেশ ও বিদেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য থাকবে। কোথায় কী কোর্স পড়ানো হয়, সেই কোর্সটি পড়তে গেলে নির্দিষ্ট পড়ুয়াটি কোন পথে এগোবে, কী নিয়ে পড়বে তার বিশদ বিবরণ থাকবে। পাশাপাশি প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানের বিভিন্ন কোর্সের লিঙ্কও দেওয়া থাকবে। সব মিলিয়ে ৫০০টি কোর্সের তথ্য থাকবে। একজন পড়ুয়া যে কোর্সটি পড়তে চাইছে আদৌ সে সেটা পড়তে পারবে কিনা তা গাইড করার জন্য মনোবিদরাও এই পোর্টালের সঙ্গে যুক্ত থাকবেন। প্রত্যেক পড়ুয়ার জন্য নিজস্ব লগইন পাসওয়ার্ড থাকবে। বিনামূল্যে পোর্টালটি ব্যবহার করা যাবে। স্কুলের পড়ুয়ারাও এটি ব্যবহার করতে পারবে। যাতে স্কুলস্তর থেকেই ভবিষ্যতে সে কী নিয়ে পড়তে চায় সে ব্যাপারে আগাম সিদ্ধান্ত নিয়ে এগোতে পারে। প্রসঙ্গত, সেপ্টেম্বরের গোড়ায় মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও মাদ্রাসার পড়ুয়াদের সংবর্ধনা অনুষ্ঠানে এই পোর্টাল তৈরির কথা জানিয়েছিলেন মুখ্যমন্ত্রী।

এদিন তাঁর বক্তব্যে শিক্ষামন্ত্রী আরও বলেন, 'শিক্ষাকে কর্মসংস্থানমুখী করতে হলে শিক্ষার সঙ্গে শিল্পের সমন্বয় খুবই জরুরি। এই লক্ষ্যেই ধারাবাহিক আলোচনা চক্রের কথা ভাবা হয়েছে। স্নাতক স্তরের একটা অংশের পড়ুয়াদের কর্মক্ষেত্রে প্রবেশে সমস্যা হচ্ছে। কারণ কর্মক্ষেত্রের উপযুক্ত প্রশিক্ষণ তাঁরা পাচ্ছেন না। শিক্ষা যদি শিল্পের চাহিদা মতো বিবর্তিত না হয় তাহলে কর্মসংস্থানও উপযুক্ত হবে না। শিক্ষা ও শিল্পকে তাই হাত ধরাধরি করে চলতে হবে।' ভার্চুয়াল অনুষ্ঠানটিতে উপাচার্য, অধ্যক্ষ এবং ছাত্রছাত্রীদের একাংশ যোগ দেন।

# রাজ্যের বন্ধ চটকল দ্রুত খুলতে নির্দেশ শ্রমমন্ত্রীর

আজকালের প্রতিবেদন

রাজ্যের সমস্ত বন্ধ চটকল দ্রুত খোলার নির্দেশ দিলেন শ্রমমন্ত্রী বেচারাম মান্না। পুজোর আগে শ্রমিকদের বোনাস–সহ সমস্ত পাওনা গন্ডাও মিটিয়ে দেওয়ার জন্য চটকল মালিকদের নির্দেশ দিয়েছেন মন্ত্রী। শুক্রবার চটশিল্পের বিভিন্ন বিষয় নিয়ে শ্রমমন্ত্রী বেচারাম মান্না একটি ত্রিপাক্ষিক বৈঠক করেন।

আলোচনায় মূলত উঠে আসে চটকল শ্রমিকদের পিএফ অ্যাকাউন্ট নম্বরের সঙ্গে আধার নম্বর সংযোগ করা, চটকলে নিরবচ্ছিন্ন শিফটে কাজ, রাত্রি কালীন শিফটে মহিলা শ্রমিকদের নিয়োগ, শ্রমিকদের বাসস্থান এবং স্থায়ী ও বিশেষ বদলি শ্রমিকদের ৯০ শতাংশ থেকে ২০ শতাংশ হারে নিয়োগের ক্ষেত্রে তিন সদস্যের কমিটির রিপোর্ট পর্যালোচনা করা। এরই পাশাপাশি বিভিন্ন শ্রমিক প্রতিনিধি চটকল শ্রমিকদের বেতন বৃদ্ধি, পিএফ, গ্র্যাচুইটি, বোনাস, ছুটির বেতন ইত্যাদি বিষয়গুলি নিয়েও আলোচনা হয়। দীর্ঘ আলোচনা শেষে সিদ্ধান্ত হয় যে, শ্রমিক সংগঠনগুলি তাঁদের মতামত লিখিত আকারে শ্রমমন্ত্রীর কাছে শিগগিরই পেশ করবেন।



চটশিল্প নিয়ে ত্রিপাক্ষিক বৈঠকে শ্রমমন্ত্রী বেচারাম মান্না। রয়েছেন আইএনটিটিইউসি–র রাজ্য সভাপতি ঋতব্রত ব্যানার্জি। ছবি: আজকাল

শ্রমমন্ত্রী জানান, চটকলগুলিকে চাঙ্গা করতে রাজ্য সরকারের পক্ষ থেকে বিভিন্ন পদক্ষেপ নেওয়া হয়েছে। প্রশিক্ষণ দিয়ে প্রায় ৭০ হাজার শ্রমিককে মিলের কাজে নিয়োগের ব্যবস্থা করা হয়েছে। এছাড়াও মিলের পরিকাঠামো উন্নতিতে একাধিক পদক্ষেপ নেওয়া হচ্ছে। সেইসঙ্গে পাটজাত জিনিসপত্রের বিপণনেও বিশেষ পদক্ষেপ নিচ্ছে রাজ্য সরকার। ইতিমধ্যেই রাজ্য সরকারের উদ্যোগে হাওড়া, উত্তর ২৪ পরগনা ও হুগলিতে একাধিক চটকল খুলেছে। শ্রমমন্ত্রী বেচারাম বলেন, 'আমরা মালিকদের বলেছি, আপনারা দ্রুত মিল খুলুন। উৎপাদন শুরু করুন। এরপর কোনও সমস্যা থাকলে আলোচনার মাধ্যমে তা সমাধান করা হবে।' মন্ত্রী জানান, কেন্দ্রীয় শ্রমিক সংগঠনগুলির উপস্থিতিতে ২৫ অক্টোবর কাঁকুড়গাছিতে উৎসব মঞ্চে সারাদিনব্যাপী এক আলোচনা সভা হবে। সেখানেই সমাধানের পথ বেরিয়ে আসবে বলে আশা প্রকাশ করেছেন মন্ত্রী।

বৈঠকে ছিলেন শ্রম কমিশনার জাভেদ আখতার, অতিরিক্ত শ্রম কমিশনার তীর্থঙ্কর সেনগুপ্ত, আইএনটিটিইউসি–র রাজ্য সভাপতি ঋতব্রত ব্যানার্জি, মালিক পক্ষের তরফে ছিলেন সঞ্জয় কাজারিয়া, দিলীপ ভট্টাচার্য, গণেশ সরকার, দেবাশিস দত্ত, রাঘবেন্দ্র গুপ্ত প্রমুখ।

## আরও খবর

### এসএফআই রাজ্য কমিটি

শুক্রবার শেষ হল এসএফআইয়ের ৩৭তম রাজ্য সম্মেলন। নদিয়ার নবদ্বীপে শ্রীচৈতন্য সভাকক্ষে ২২ সেপ্টেম্বর বুধবার সম্মেলন শুরু হয়েছিল। রাজ্য সভাপতি এবং রাজ্য সম্পাদক পদে পুনর্নির্বাচিত হলেন প্রতিকুর রহমান এবং সৃজন ভট্টাচার্য। নতুন ৯৯ জনের রাজ্য কমিটি গঠন করা হয়েছে। সম্পাদকমণ্ডলীতে আছেন ২৭ জন। মুখপত্র ছাত্র সংগ্রাম–এর সম্পাদক হয়েছেন দীপ্তজিৎ দাস। এবারের রাজ্য কমিটিতে ৬০ শতাংশই নতুন মুখ। ছাত্রী আছেন ১৮ জন। বুধবার প্রকাশ্য সমাবেশে বক্তব্য পেশ করেন বামফ্রন্টের চেয়ারম্যান বিমান বসু, সিপিএম নেতা সুজন চক্রবর্তী, এসএফআইয়ের সর্বভারতীয় সাধারণ সম্পাদক ময়ূখ বিশ্বাস, যুগ্ম সাধারণ সম্পাদক দীপ্সিতা ধর, রাজ্য সম্পাদক সৃজন ভট্টাচার্য প্রমুখ।

### সোনা পাপ্পু ধৃত

কসবা এলাকার কুখ্যাত দুষ্কৃতী বিশ্বজিৎ পোদ্দার ওরফে সোনা পাপ্পুকে গ্রেপ্তার করল কলকাতা পুলিশ। এক ব্যবসায়ীকে হুমকি দেওয়ার পর দীর্ঘদিন পলাতক ছিল। এ ছাড়াও তার বিরুদ্ধে বিভিন্ন মামলা রয়েছে। সম্প্রতি প্রেসিডেন্সি জেল থেকে ছাড়া পাওয়া মুন্না পান্ডের ওপরে দল বেঁধে হামলা চালানোর পরিকল্পনা করে সশস্ত্র অবস্থায় জড়ো হয়েছিল। পুলিশ তৎপরতার সঙ্গে সেখান থেকে ২৫ জনকে গ্রেপ্তার করেছিল। ওই ঘটনায় সোনা পাপ্পু জড়িত বলে তদন্তে জানতে পারে পুলিশ। বৃহস্পতিবার গভীর রাতে কৈখালির সপ্তপদী আবাসনের একটি ঘর থেকে তাদের গ্রেপ্তার করা হয়। তার বিরুদ্ধে অস্ত্র আইন–সহ পাঁচটি ধারায় মামলা শুরু করেছে পুলিশ। ৯ অক্টোবর পর্যন্ত পাপ্পুকে পুলিশ হেপাজতে রাখার নির্দেশ দিয়েছে আদালত।

### সিমবক্স কাণ্ডে

সিমবক্সের বেআইনি ব্যবসায় জড়িত সন্দেহে অমিত গুপ্তাকে গ্রেপ্তারের পর তাকে জেরা করে বরানগর থেকে কলকাতা পুলিশের স্পেশ্যাল টাস্কফোর্স প্রীতম দত্ত নামে আর এক ব্যক্তিকে গ্রেপ্তার করল। কিছুদিন আগেই কসবা থেকে বেআইনিভাবে টেলিকম ব্যবসা চালানোর জন্য অমিতকে গ্রেপ্তার করা হয়। বহু সরঞ্জাম উদ্ধার হয় তার বাড়ি থেকে। ওই ব্যবসা চালানোর জন্য তার বিরুদ্ধে ইন্ডিয়ান টেলিগ্রাফ অ্যাক্ট এবং ইন্ডিয়ান অয়্যারলেস টেলিগ্রাফি অ্যাক্টে মামলা শুরু হয়েছিল।

### ২ শিক্ষক বেকসুর

বালিগঞ্জের একটি স্কুলে এক ছাত্রকে মারধর করার মামলায় বেকসুর খালাস পেলেন দুই শিক্ষক। আলিপুরের সিজেএম আদালতের বিচারক সুব্রত মুখার্জি ওই রায় দেন। বালিগঞ্জের একটি ইংরেজি মাধ্যম স্কুলে অষ্টম শ্রেণির এক ছাত্রকে মারধরের জন্য ওই স্কুলের দুই শিক্ষক ইন্দ্রনীল রায় বসু এবং সুব্রত সাধুর বিরুদ্ধে মামলা হয়। ৯ বছর আগের ঘটনা। আদালতে ১৯ জন সাক্ষী দিয়েছিলেন। শিক্ষকদের আইনজীবী দিবেন্দু ভট্টাচার্য জানান, দু'জনকেই বেকসুর খালাস ঘোষণা করেছে আদালত।

### বেঙ্কটেশ্বর বেকসুর

বন্দি মাওবাদী নেতা তেলুগু দীপক ওরফে বেঙ্কটেশ্বর রেড্ডিকে রাষ্ট্রদ্রোহিতা মামলা থেকে বেকসুর খালাস করল আলিপুর আদালত। এ ব্যাপারে বন্দিমুক্তি কমিটির তরফে জানানো হয়েছে বিনা কারণে রাজনৈতিক প্রতিহিংসার জেরেই জেলে আটকে রাখা হয়েছিল। নির্দোষ নাগরিককে জেলে আটকে রাখার ক্ষতিপূরণ দাবি করা হয়েছে। বন্দিমুক্তি কমিটি সমস্ত রাজনৈতিক, মানবাধিকার ও সংস্কৃতি কর্মীদের নিঃশর্ত মুক্তির দাবি করেছে।

### পিলারে ধাক্কা

সকালে নিকো পার্কের কাছে মেট্রো রেলের পিলারে ধাক্কা মেরে উল্টে গেল গাড়ি। জখম চালক–সহ ৫ জন। চিংড়িহাটার দিক থেকে সল্টলেক বাইপাস রোড ধরে নিউ টাউনের দিকে যাচ্ছিল ওই ছোট গাড়িটি। গাড়িতে ছিলেন ৫ জন। গাড়িটি নিয়ন্ত্রণ হারিয়ে নিকো পার্কের কাছে মেট্রো রেলের পিলারে ধাক্কা মেরে উল্টে যায়। চালক–সহ আহত ৫ জনকে উদ্ধার করে স্থানীয় একটি বেসরকারি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। দুর্ঘটনায় গাড়িটির ব্যাপক ক্ষতি হয়েছে। চালকের আঘাত গুরুতর। জানা গেছে, চালক ছাড়াও এক তরুণী–সহ ৪ যাত্রী ছিলেন গাড়িতে। তপসিয়া ও খিদিরপুর এলাকার বাসিন্দা তাঁরা।

# সত্যেন্দ্রনাথ টেগোর সিভিল সার্ভিস স্টাডি সেন্টার থেকে ইউপিএসসি-তে সফল বাংলার রিকি, ময়ূরী

আজকালের প্রতিবেদন

শুক্রবার ইউপিএসসি সিভিল সার্ভিস পরীক্ষার রেজাল্ট প্রকাশিত হয়েছে। মোট ৭৬১ জন সফল পরীক্ষার্থীর মধ্যে পশ্চিমবঙ্গ থেকে ২ জন ছাত্র প্রথম ২০০ জনের মধ্যে রয়েছেন বলে জানা গেছে। রাজ্য সরকার পরিচালিত সত্যেন্দ্রনাথ টেগোর সিভিল সার্ভিস স্টাডি সেন্টার থেকে ওই ২ পড়ুয়া সফল হয়েছেন। শিলিগুড়ির রিকি আগরওয়াল পেয়েছেন ৮৭তম স্থান এবং ময়ূরী মুখার্জি পেয়েছেন ১৬৯তম স্থান।



রিকি আগরওয়াল



ময়ূরী মুখার্জি

রিকি আগরওয়াল খড়্গপুর আইআইটি থেকে ইনস্ট্রুমেনটেশন ইঞ্জিনিয়ারিংয়ে বি টেক করেছেন। তিনি এখন ইন্ডিয়ান সিভিল অ্যাকাউন্ট সার্ভিসে কর্মরত। ২০১৮ সাল থেকে তিনি রাজ্য সরকারের সত্যেন্দ্রনাথ টেগোর সিভিল সার্ভিস স্টাডি সেন্টার থেকে ইউপিএসসি–র জন্য প্রশিক্ষণ নিচ্ছিলেন। তাঁর লক্ষ্য একজন আইএএস হিসেবে মানুষের জন্য কাজ করা।

ময়ূরী মুখার্জি বেলঘরিয়া মহাকালী গার্লস হাইস্কুল থেকে দ্বাদশ শ্রেণী উত্তীর্ণ হয়ে ২০১৩ সালে প্রেসিডেন্সি কলেজ থেকে বটানিতে সাম্মানিক–সহ স্নাতক হন। ২০১৫–তে স্নাতকোত্তর পাঠ সম্পূর্ণ করেন দিল্লি বিশ্ববিদ্যালয় থেকে। দখল করেন প্রথম স্থান। এবছরের আগস্ট মাসেই যাদবপুরের ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ কেমিক্যাল বায়োলজিতে তাঁর গবেষণাপত্র জমা দিয়েছেন। এই নিয়ে তৃতীয়বার তিনি ইউপিএসসি–তে বসেছেন। ময়ূরী জানিয়েছেন, রাজ্য সরকারের প্রতিষ্ঠান থেকে তিনি নানাভাবে সাহায্য পেয়েছেন। বিশেষ করে, আইএএস অফিসারদের বিভিন্ন ক্লাস তাঁকে সমৃদ্ধ করেছে।

উল্লেখ্য, ২০১৯ সালে সর্বোচ্চ ১২ জন এ রাজ্য থেকে সফল হয়েছিলেন।

# মরদেহ নিয়ে মিছিল, ৪ বিজেপি নেতার বিরুদ্ধে মামলা পুলিশের

আজকালের প্রতিবেদন

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির বাড়ির কিছুটা দূরে বিজেপি কর্মীর মরদেহ নিয়ে বিক্ষোভ দেখানোর ঘটনায় ৪ বিজেপি নেতার বিরুদ্ধে স্বতঃপ্রণোদিত মামলা রুজু করল কলকাতা পুলিশ। ভারতীয় দণ্ডবিধির ১৪৩, ১৪৫, ১৪৭, ১৪৯, ২৮৩ এবং ৩৫৩ ধারায় ভবানীপুর বিধানসভা নির্বাচনে বিজেপি প্রার্থী প্রিয়াঙ্কা টিবরেওয়াল, বিজেপি রাজ্যসভাপতি সুকান্ত মজুমদার, জ্যোতির্ময় সিং মাহাতো এবং সাংসদ অর্জুন সিং–সহ আরও কয়েকজনের বিরুদ্ধে মামলা শুরু করেছে। বিজেপি কর্মী মানস সাহার মৃতদেহ নিয়ে হঠাৎ হরিশ চ্যাটার্জি স্ট্রিটের কাছে বিজেপি কর্মীরা যান। পুলিশ বাধা দিলে মৃতদেহ নিয়ে বসে পড়েন। গত বিধানসভা ভোটে দক্ষিণ চব্বিশ পরগনা মগরাহাট পশ্চিম বিধানসভা কেন্দ্রের প্রার্থী ছিলেন মানসবাবু। অভিযোগ, ভোটের ফল প্রকাশের দিন তাঁর ওপর আক্রমণ হয়েছিল। দীর্ঘদিন চিকিৎসাধীন ছিলেন। পরে, আবার হাসপাতালে ভর্তি হন। সেখানেই প্রয়াত হন।

# ভবানীপুর উপনির্বাচন মামলায় রায়দান স্থগিত হাইকোর্টে

আজকালের প্রতিবেদন

ভবানীপুর উপনির্বাচন নিয়ে দায়ের হওয়া মামলায় রায়দান ঘোষণা স্থগিত রাখল কলকাতা হাইকোর্ট। কমিশনের বিজ্ঞপ্তিতে কেন সাংবিধানিক সঙ্কটের উল্লেখ করে উপনির্বাচন করা হচ্ছে একটি মাত্র কেন্দ্রে, তা নিয়ে নির্বাচন কমিশনের কাছে হলফনামা চেয়েছিল হাইকোর্ট। শুক্রবার কমিশন হলফনামা জমা দিলেও হাইকোর্ট তাতে সন্তুষ্ট নয়। ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি রাজেশ বিন্দাল ও বিচারপতি রাজর্ষি ভরদ্বাজের ডিভিশন বেঞ্চ জানায়, হলফনামায় এই বিষয়ে কোনও আলোকপাত করা হয়নি। যে বিষয়ে হলফনামা চাওয়া হয়েছে, তার সদুত্তর আমাদের জানানো হোক। নির্বাচন কমিশনের আইনজীবী আরও শুনানির আবেদন জানান, তিনি অতিরিক্ত হলফনামা দেওয়ার অনুমতি চেয়েছিলেন। আদালত সেই আবেদন খারিজ করে দেয়। আগামী ৩০ সেপ্টেম্বর ওই কেন্দ্রে উপনির্বাচন রয়েছে।

# রবিবার থেকে বৃষ্টি, মঙ্গলবার শহরে ভারী

আজকালের প্রতিবেদন

নিম্নচাপ ও ঘূর্ণাবর্তের জেরে দুর্যোগ মোকাবিলায় তৎপর প্রশাসন। উপকূলবর্তী এলাকায় পুলিশ ও মৎস্য দপ্তরের পক্ষ থেকে মাইকে প্রচার শুরু হয়েছে। শুক্রবার সন্ধের মধ্যে সব মৎস্যজীবী ট্রলারকে বন্দরে ফিরে আসার নির্দেশ দেওয়া হয়েছে। ভারতীয় উপকূল রক্ষী বাহিনীর পক্ষ থেকেও মৎস্যজীবীদের সতর্ক করা হয়েছে। ২৯ সেপ্টেম্বর পর্যন্ত মৎস্যজীবীদের সমুদ্রে না যেতে অনুরোধ করা হয়েছে।

বঙ্গোপসাগরে দানা বাঁধা নিম্নচাপের প্রভাবে রবিবার থেকে দক্ষিণবঙ্গে ফের একবার জমিয়ে বৃষ্টি হবে। চলবে মঙ্গলবার পর্যন্ত। রবিবার পূর্ব মেদিনীপুরে ভারী বৃষ্টি হতে পারে। সোমবার দুই মেদিনীপুর এবং দক্ষিণ ২৪ পরগনার দু–এক জায়গায় ভারী বৃষ্টি, দক্ষিণবঙ্গের বাকি জেলায় হালকা থেকে মাঝারি। মঙ্গলবার বৃষ্টি বাড়বে। ভারী বৃষ্টি হতে পারে দুই মেদিনীপুর, দুই

২৪ পরগনা, কলকাতা, হাওড়া, হুগলি, ঝাড়গ্রাম, বাঁকুড়া ও পুরুলিয়ায়। উপকূলে শনিবার থেকে বইতে পারে ঘণ্টায় ৪৫ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া। মৎস্যজীবীদের তাই শনিবার থেকে সাগরে মাছ ধরতে যেতে বারণ করা হয়েছে। টানা বৃষ্টিতে ফের একবার জলমগ্ন হতে পারে নীচু এলাকাগুলি। যানজটের সম্ভাবনা থাকছে। আবহাওয়া দপ্তর জানিয়েছে, নিম্নচাপটি রবিবার ওড়িশা উপকূলের কাছে চলে আসবে। ওই দিন পূর্ব–মধ্য বঙ্গোপসাগরে একটি ঘূর্ণাবর্ত দানা বাঁধতে চলেছে। সেটি মঙ্গলবার নাগাদ এ রাজ্যের উপকূলে পৌঁছে যেতে পারে। এর প্রভাবে দক্ষিণবঙ্গের আকাশে প্রচুর জল ভরা মেঘ ঢুকে আসবে। হবে দফায় দফায় বৃষ্টি। মৌসম ভবন সূত্রে খবর, বর্ষা বিদায়ের সময় মাঝেমধ্যে নিম্নচাপের দোসর হয় ঘূর্ণাবর্ত। এবারও তেমনটাই হচ্ছে।

শুক্রবার দুপুরে গঙ্গাসাগরে দক্ষিণ ২৪ পরগনার জেলাশাসক পি উলগানাথন সেচ, পূর্ত, জনস্বাস্থ্য কারিগরি, পঞ্চায়েত দপ্তরের আধিকারিকদের সঙ্গে বৈঠক সেরেছেন। সমস্ত দপ্তরের আধিকারিকদের সতর্ক থাকার নির্দেশ দেওয়া হয়েছে। সুন্দরবন উন্নয়ন মন্ত্রী বঙ্কিমচন্দ্র হাজরাও সব মহকুমাশাসক, জনপ্রতিনিধিদের নিয়ে বৈঠক সেরেছেন। প্রত্যেক বিডিও অফিসে ত্রিপল, শুকনো খাবার মজুত রাখতে বলা হয়েছে। রাজ্য ও জাতীয় বিপর্যয় মোকাবিলা দল এসে পৌঁছেছে সুন্দরবনের উপকূল এলাকায়। মাইকিং করে উপকূল এলাকার বাসিন্দাদের সতর্ক করেন এনডিআরএফ দলের সদস্যরা। দুর্যোগের আগে সকলকে কাঁচা বাড়ি ছেড়ে নিকটবর্তী সাইক্লোন সেন্টারে চলে যাওয়ার আবেদন করেন তাঁরা। আজ, শনিবার থেকে নীচু এলাকার বাসিন্দাদের নিরাপদ স্থানে সরিয়ে নিয়ে যাওয়া হবে।


**NICCO CORPORATION LIMITED - IN LIQUIDATION**
**LIQUIDATION SALE INVITATION OF EXPRESSION OF INTEREST (EOI)**
**FOR 25% SHARES IN NICCO PARKS AND RESORTS LIMITED***

**[RESERVE PRICE: RS. 38 CRORES]**
**For Details and Conditions : visit, www.vinodkothari.com/nicco-liquidation**
**OR E-mail us : niccoliquidation@gmail.com**
**All EOIs/bids subject to Invitations dated 22nd September, 2021**
**Last date of receipt of EOI : 1st October, 2021.**

*Disclaimer: The invitation is for sale of assets of the Company under Insolvency Code and shall in no manner be deemed to be an offer document or invitation to public or otherwise for sale of the shares. The advertisement purports to ascertain interest of applicants and does not create any kind of binding obligation on the part of the Liquidator. Further, the Liquidator may in absolute discretion, but without being under any obligation to do so, update, amend or supplement the information in the Invitation. Any such update/amendment/supplement/corrigendum may not be re-published and shall be communicated via the webpage as above, and any public notice thereof may not be issued.

Vinod Kumar Kothari, Liquidator
NICCO Corporation Limited – in Liquidation
R- 1006-1009, Krishna Building, 224 AJC Bose Road, Kolkata 700017
e-mail: niccoliquidation@gmail.com/resolution@vinodkothari.com
Registration No.: IBBI/IPA-002/IP-N00019/2016-17/10033
Date: 24th September, 2021



**PUBLIC SERVICE COMMISSION, WEST BENGAL**

161A, S. P. Mukherjee Road, Kolkata – 700 026.

**IMPORTANT ANNOUNCEMENT**

Schedule of forthcoming online Interview

| Sl. No | Advertisement No | Name of the Post | Dates of Interview |
|---|---|---|---|
| 1 | 25(5)/2019 | Instrument Mechanic in the Directorate of Boiler under the Labour Deptt., Govt. of West Bengal | 4th October, 2021 |

The Commission will take interview for recruitment to the aforesaid post in online mode. Lists of eligible candidates are being kept in the Commission's Enquiry Counter and displayed in the Commission's Website at wbpsc.gov.in for information to all concerned. Candidates are requested to visit Commission's website at wbpsc.gov.in for detailed information.

ICA-1445(6)/2021



**CESC LIMITED**

CESC House, Chowringhee Square, Kolkata 700 001

**Gist of Application for approval of Procedure for effecting connectivity of the Solar PV Generating System (SPGS) of Eligible Consumers with the distribution network of CESC Limited**

1. CESC Limited has submitted application before the West Bengal Electricity Regulatory Commission (Commission) for approval of Procedure for effecting connectivity of the SPGS of Eligible Consumers with the distribution network of CESC Limited in terms of regulation 16.9 of West Bengal Electricity Regulatory Commission (Co-Generation and Generation of Electricity from Renewable Sources of Energy) (First Amendments) Regulations, 2020. The application has been admitted by the Commission on 19.09.2021.
2. The application is for approval of Procedure for effecting connectivity of the SPGS of Eligible Consumers with the distribution network of CESC Limited. The proposed procedure will be applicable for the consumers connected with the distribution network of CESC who propose to install SPGS on roof-top / any other mounting structure in his premises. The procedure describes the step-by-step process of application formalities, application processing, compliance requirements, grant of connectivity and initiation of billing, as applicable.
3. The application may be inspected at the office of the Commission at Plot No – AH/5, Premises No. MAR 16 – 1111, Action Area – 1A, New Town, Rajarhat, Kolkata - 700 163 or at the Registered Office of CESC Limited at CESC House, Chowringhee Square, Kolkata 700 001 and certified copies of the applications or part thereof may be obtained from the office of the Commission during office hours on all working days upto 1 (one) day before the last date of submission of suggestions and objections.
4. The application submitted by CESC Limited has been posted on the website of the applicant at www.cesc.co.in.
5. The suggestions and objections, if any, on the proposals contained in the applications shall be submitted separately at the office of the Commission mentioned above within 14 (fourteen) days (including the date of publication) of publication of this notification.
6. **This gist has been published with the approval of the Commission.**

Place: Kolkata
Date: 24 September 2021

A. Ghosh
Executive Director

Registered Office: CESC House, Chowringhee Square, Kolkata - 700 001
CIN: L31901WB1978PLC031411, Tel: +91 33 2225 6040
Fax: +91 33 2225 3495 e-mail: cesclimited@rpsg.in, Web: www.cesc.co.in



RP - Sanjiv Goenka Group
Growing Legacies

saregama
soul of India

**সারেগামা ইন্ডিয়া লিমিটেড**

CIN: L22213WB1946PLC014346
রেজিস্টার্ড অফিস: ৩৩, যশোর রোড, দমদম, কলকাতা–৭০০০২৮
ফোন: ০৩৩–২৫৫১ ২৯৮৪/৪৭৭৩; ই–মেল: co.sec@saregama.com, ওয়েবসাইট: www.saregama.com

**বিশেষ সাধারণ সভা ও রিমোট ই ভোটিং তথ্য**

১. কোম্পানি আইন ২০১৩ (আইন)–এরধারা মাফিক কোম্পানির ইজিএম ভিডিও কনফারেন্সিং ('ভিসি')/ অন্য অডিও ভিস্যুয়াল পদ্ধতি ('ওএভিএম')–এর মাধ্যমে মঙ্গলবার, ১৯ অক্টোবর ২০২১ তারিখ বেলা ১১.০০টায় (ভারতীয় সময়) আয়োজিত হবে সদস্যদের হাজিরা ছাড়াই মিনিস্ট্রি অফ কর্পোরেট অ্যাফেয়ার্স দ্বারা জারিকৃত যথাক্রমে ৮ এপ্রিল ২০২০, ১৩ এপ্রিল ২০২০, ১৫ জুন ২০২০, ২৮ সেপ্টেম্বর ২০২০, ৩১ ডিসেম্বর ২০২০, ও ২৩ জুন, ২০২১ তারিখ সংবলিত জেনারেল সার্কুলার নং ১৪/২০২০, ১৭/২০২০, ২২/২০২০, ৩৩/২০২০, ৩৯/২০২০, ১০/২০২১ ('এমসিএ সার্কুলারসমূহ) এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া দ্বারা জারিকৃত (সেবি সার্কুলার) সার্কুলার নং ১২ মে, ২০২০–এর SEBI/HO/CFD/CMD1/CIR/P/2020/79 ও সংশোধিত ১৫ জানুয়ারি ২০২১–এর SEBI/HO/CFD/CMD2/CIR/P/2021/11 অনুযায়ী সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস ২০১৫ ও কোম্পানি আইন ২০১৩ (আইন)–এর ধারা মাফিক যা যোগ্য অনুমোদন, অনুমতি সাপেক্ষে বিধি অনুযায়ী প্রাইভেট প্লেসমেন্ট বা প্রেফারেন্শিয়াল ইসু বা পাবলিক ইসু বা অন্য যোগ্য সংস্থাগত প্লেসমেন্ট দ্বারা টাঃ ৭৫০ কোটি অনধিক সিকিউরিটি মারফত পুঁজি আহরণের উদ্দেশে।

২. যে সকল সদস্যের ই–মেল ঠিকানা এই কোম্পানি/কোম্পানি আর টি এ/ ডিপোজিটরি পার্টিসিপ্যান্ট–এর কাছে নিবন্ধীকৃত রয়েছে, কেবলমাত্র ই–মেলের মাধ্যমে তাঁদের প্রতি ২৪ সেপ্টেম্বর, ২০২১ এ ইজিএম–এর নোটিস পাঠানো হয়েছে। ইজিএম–এর নোটিস এই কোম্পানির ওয়েবসাইট www.saregama.com–এর সঙ্গে স্টক এক্সচেঞ্জ ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ www.nseindia.com ও বি এস ই লিমিঃর www.bseindia.com–এ দেওয়া আছে। পাশাপাশি ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরি লিমিটেড (এন এস ডি এল)–এর www.evoting.nsdl.com–এও তা পাবেন। সেবি ও এমসিএ সার্কুলার অনুযায়ী ইজিএমের নোটিস বাস্তবিক ভাবে দেওয়া হবে না।

৩. সময়ান্তরে সংশোধিত ইনস্টিটিউট অফ কোম্পানি সেক্রেটারিজ অফ ইন্ডিয়া দ্বারা জারি জেনারেল মিটিং (এস এস–২) সাপেক্ষ কোম্পানিজ (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস ২০১৪ এর রুল ২০ র সঙ্গে পঠনীয় অ্যাক্টের ১০৮ ধারায় ও সেবি ও এমসিএ সার্কুলার–এর সহ পঠনীয় সেবি এল ও ডি আর রেগুলেশনস–এর রেগুলেশন ৪৪ মাফিক এজিএম–এর নোটিসে স্থির বিষয়ে কোম্পানি সদস্যদের ইজিএম–এ নিজেদের ভোটাধিকার প্রয়োগের জন্য বৈদ্যুতিন ভাবে ভোটিং–এর সুযোগ দেবে। ইজিএম–এর নোটিসে সদস্যদের প্রতি ই জি এমে ই–ভোটিং ও রিমোট ই–ভোটিং–এর বিশদ শর্তাবলী দেওয়া হয়েছে।

৪. রিমোট ই–ভোটিং মাধ্যমে ভোট শুরু ১৬ অক্টোবর ২০২১, ভারতীয় সময় সকাল ৯ টায়, শেষ ১৮ অক্টোবর ২০২১ ভারতীয় সময় বেলা ৫ টায়। এই সময়ে কাট–অফ তারিখ ১২ অক্টোবর ২০২১ অনুযায়ী বাস্তবিক ও ডিম্যাট শেয়ারধারী বৈদুতিন ভোটিংয়ের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগের সুযোগ পাবেন। এর পর এনএসডিএল–এর দ্বারা ভোটিং বন্ধ করা হবে।

৫. নির্ধারিত কাট–অফ তারিখ মঙ্গলবার, ১২ অক্টোবর ২০২১–এর নিরিখে কোম্পানির ইক্যুইটি শেয়ার মূলধনের অনুপাতে সদস্যদের শেয়ার সাপেক্ষে ই–ভোটিংয়ের সুযোগ দেওয়া হবে। একবার বিশেষ কোনও সিদ্ধান্তের ওপর কোনও সদস্য ভোটাধিকার দিলে পরে তাঁকে তা বদলানোর সুযোগ দেওয়া হবে না। নির্ধারিত কাট–অফ তারিখ সদস্য না হলে তিনি এই ইজিএম বিজ্ঞপ্তি তথ্য হিসেবে নেবেন। যে সকল সদস্য রিমোট ই–ভোটিংয়ের মাধ্যমে নিজের ভোটাধিকার প্রয়োগ করে ফেলবেন, তাঁরা ইজিএমে যোগ দিতে পারলেও ইজিএম চলাকালীন তাঁদেরকে পুনরায় ভোটাধিকার প্রয়োগের সুযোগ দেওয়া হবে না।

৬. বাস্তবিক শেয়ারধারী ও অব্যক্তি ইজিএম নোটিস পাঠানোর পর নির্ধারিত কাট–অফ তারিখে সদস্য হলে এনএসডিএল–এর evoting@nsdl.co.in–এ বা Issuer/RTA–তে অনুরোধ পাঠালে লগ ইন আইডি ও পাসওয়ার্ড পাওয়া যাবে। অবশ্য, কোনও ব্যক্তি রিমোট ই–ভোটিংয়ের জন্য ইতিমধ্যেই এন এস ডি এল–এর কাছে নিবন্ধীকৃত থাকলে নিজের ভোট দেওয়ার জন্য বিদ্যমান ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করতে পারবেন। পাসওয়ার্ড ভুলে গেলে পাসওয়ার্ড রিসেট করা যাবে www.evoting.nsdl.com–এ ফরগট ইউজার ডিটেলস/পাসওয়ার্ড বা ফিজিক্যাল ইউজার রিসেট পাসওয়ার্ড–এ, বা নিঃশুল্ক নং ১৮০০ ১০২০ ৯৯০ ও ১৮০০ ২২৪৪৩০–এ ফোন করুন।

৭. ইজিএমে মত দিতে হলে মত বা প্রশ্ন পাঠান নাম, ডিপি আই ডি ও ক্লায়েন্ট আইডিনং/ফোলিও নং, ই মেল, মোবাইল নং সহ কোম্পানির co.sec@saregama.com–এ বুধবার, ১৩ অক্টোবর ২০২১–এ ভারতীয় সময় বেলা ৫ টার মধ্যে। বক্তা হিসেবে নথিভুক্ত হলেই সভায় বলা যাবে।

৮. বাস্তবিক শেয়ারধারী যে সকল সদস্যের ই–মেল ঠিকানা এই কোম্পানির কাছে নিবন্ধীকৃত নয়, তারা নথিভুক্ত হয়ে রিমোট ই ভোটিং দ্বারা ভোট দিতে ও ইজিএম নোটিস ও লগ ইন আইডি ও পাসওয়ার্ড পেতে ও ভিসি/ওএভিএম–এর মাধ্যমে ই ভোটিং দ্বারা ভোট দিতে কোম্পানির আরটিএ mcssta@rediffmail.com বা কোম্পানির co.sec@saregama.com–এ নিম্নোক্ত গুলি পাঠান: ক) নাম, ঠিকানা, ফোলিও নং খ) স্বপ্রত্যয়িত প্যান কার্ড কপি, ঠিকানার সমর্থনে স্বপ্রত্যয়িত (ড্রাইভিং লাইসেন্স/পাসপোর্ট/ভোটার কার্ড) প্রমাণপত্র। বৈদ্যুতিন ফর্মে শেয়ার ধরে রাখা সদস্যরা ই মেল স্থায়ী ভাবে নথিভুক্ত করতে নিজেদের ডিপোজিটরি অংশীদারের কাছে নিজের ই–মেল আইডি আপডেট করিয়ে নিতে পারেন।

৯. রিমোট ই–ভোটিং/ ই–ভোটিং এ কোনও প্রশ্নের ব্যাখ্যার প্রয়োজন হলে আপনারা www.evoting.nsdl.comএ–তে দেওয়া 'Frequently Asked Questions (FAQs) for Shareholders and e-Voting user manual for Shareholders' ডাউনলোডস অংশটি দেখতে পারেন অথবা ১৮০০ ২২২ ৯৯০ ও ১৮০০ ২২৪৪৩০–নিঃশুল্ক নম্বরে ফোন করতে পারেন অথবা evoting@nsdl.co.in –তে অনুরোধ পাঠাতে পারেন অথবা এই ব্যক্তির সঙ্গে এখানে যোগাযোগ করতে পারেন:মিঃ অমিত বিশাল, সিনিয়র ম্যানেজার/ মিস পল্লবী মাত্রে, ম্যানেজার, এন এস ডি এল, ট্রেড ওয়ার্ল্ড, 'এ' উইং, কমলা মিলস কম্পাউন্ড, সেনাপতি ব্যাপাট মার্গ, লোয়ার পরেল, মুম্বই–৪০০ ০১৩। ই–মেল আইডি evoting@nsdl.co.in বা co.sec@saregama.com–তেও লিখে জানাতে পারেন।

এমসিএ সার্কুলার ও সেবি সার্কুলার অনুযায়ী কোম্পানির সকল সদস্যের জ্ঞাতার্থে উক্ত তথ্যাদি পেশ করা হল।

বোর্ডের আদেশানুযায়ী
স্বা/–
বিক্রম মেহেরা
ম্যানেজিং ডিরেক্টর
ডি আই এন: ০৩৫৫৬৬৮০

তারিখ: ২৪ সেপ্টেম্বর, ২০২১
স্থান: মুম্বই